AKASHVANI (Kolkata)

Regional News Unit

Date 14-03-24 Desk in Charge :

Time : 7-50 P.M. Compiling :

Morning /Day /Evening National/ Regional/ General

Opening Announcement – আকাশবাণী / খবর পড়ছি –

বিশেষ বিশেষ খবর –

১/ সন্দেশখালিতে ইডি আধিকারিকদের ওপর হামলার ঘটনায় মূল অভিযুক্ত শেখ শাজাহানকে আজ আবারো ৮ দিনের CBI হেফাজতে পাঠানো হয়েছে।

# এদিকে, রেশন দুর্নীতির তদন্তে ইডি আজ সন্দেশখালি ও সরবেড়িয়ায় তল্লাশি চালিয়ে বিভিন্ন নথিপত্র উদ্ধার ও ৩ টি গাড়ি বাজেয়াপ্ত করেছে।

২/ বামফ্রন্ট, আসন্ন লোকসভা নির্বাচনের জন্য আজ তাঁদের প্রথম প্রার্থী তালিকা প্রকাশ করেছে। ১৬ জনের এই তালিকায় ১৪ জনই নতুন মুখ।

# SUCI( কমিউনিস্ট), আসন্ন লোকসভা নির্বাচনে এরাজ্যে ৪২ টি আসনেই তারা প্রার্থী দেওয়ার সিদ্ধান্ত নিয়েছে।

৩/ জ্ঞানেশ কুমার ও ডঃ সুখবীর সিং সান্ধু, নতুন নির্বাচন কমিশনার হচ্ছেন।

৪/ রাজ্যপাল সিভি আনন্দ বোস, সেরা ডাকঘর ও সেরা ডাককর্মীদের জন্য বিশেষ পুরস্কার চালু করার কথা ঘোষণা করেছেন।

৫/ রাজ্য সরকার, বাংলা শস্যবিমা যোজনার আওতায় পাট চাষিদের বিমার প্রিমিয়াম মুকুব করার কথা ঘোষণা করেছে।

***************************************************************

সন্দেশখালিতে ইডি আধিকারিকদের ওপর হামলার ঘটনায় মূল অভিযুক্ত শেখ শাজাহানকে চারদিনের CBI হেফাজত শেষে আজ বসিরহাট আদালতে তোলা হয়। তাকে আবারো ৮ দিনের CBI হেফাজতে পাঠানো হয়েছে।

অন্যদিকে, ৫'ই জানুয়ারীর ওই ঘটনায় ন্যাজাট থানার পুলিশ যে ৭ জনকে গ্রেপ্তার করেছিল, তাদের'ও আজ আদালতে তোলা হয়। এদের ৫'দিনের CBI হেফাজতের নির্দেশ দেওয়া হয়েছে।

এদিকে, CBI আজ এই মামলায় শাহজাহানের ভাই আলমগির সহ বেশ কয়েকজনকে নিজাম প্যালেসে তলব করে। কিন্তু তিনি হাজিরা দেননি, মাত্র ২ জন এসেছিলেন। তাদের জিজ্ঞাসাবাদ করা হয়েছে/ হচ্ছে।

রেশন দুর্নীতির তদন্তে ইডি আজ সন্দেশখালির ধামাখালিতে শাহজাহান ঘনিষ্ঠ আইনুর মোল্লা, জামালউদ্দিন মোল্লা, নজরুল মোল্লা ও তার ছেলে মাছ ব্যবসায়ী রিন্টু এবং আরসাদ মিঁয়ার বাড়িতে হানা দেয়। তিন কোম্পানীরও বেশি কেন্দ্রীয় বাহিনী নিয়ে ঘণ্টা তিনেক তল্লাশি চালানোর পর নির্মাণ ব্যবসায়ী আইনুরকে নিয়ে তাঁর পৈত্রিক বাড়িতে যায় ইডি-র দলটি। আইনুর ও জামালউদ্দিনের বাড়ি থেকে তেমন কিছু পাওয়া না গেলেও নজরুল মোল্লা ও রিন্টুর বাড়ি থেকে বেশকিছু নথিপত্র ও ডায়রি উদ্ধার করে।

সরবেড়িয়ায় শাহজাহান ঘনিষ্ঠ মোসলেম শেখের বাড়িতেও যান ইডি-র আধিকারিকরা। কিন্তু তাকে সেখানে পাওয়া না যাওয়ায় তারা বাড়ির লোকেদের কিছুক্ষণ জিজ্ঞাসাবাদ করেন। এরপর মোসলেমের গ্যারেজ চাবি খুলিয়ে সেখানে ও তার সামনের দোকানেও ইডির আধিকারিকরা তল্লাশি চালান। গ্যারেজে রাখা বেশ কয়েকটি দামী গাড়িও পরীক্ষা করে দেখা হয়। এর মধ্যে শেখ শাহজাহানের ২টি ও তার ভাইয়ের একটি গাড়ি। পরে সেখান থেকে ওই তিনটি গাড়ি নিয়ে ইডি আধিকারিকরা কলকাতার উদ্দেশে রওনা দেন। সেগুলি CGO কমপ্লেক্সে এনে পরীক্ষা করা হবে।

*******************

বামফ্রন্ট, আসন্ন লোকসভা নির্বাচনের জন্য আজ তাঁদের প্রথম প্রার্থী তালিকা প্রকাশ করেছে। ১৬ জনের এই তালিকায় ১৪ জনই নতুন মুখ।

ফ্রন্টের চেয়ারম্যান বিমান বসু আজ এক সাংবাদিক সম্মেলনে প্রার্থী তালিকা প্রকাশ করে জানান, CPIM–এর কেন্দ্রীয় কমিটির সদস্য সুজন চক্রবর্তী দমদম এবং CPI-এর বিপ্লব ভট্ট মেদিনীপুর আসন থেকে প্রতিদ্বন্দ্বিতা করবেন। এঁরা ছাড়া বাকিরা আগে কেউ লোকসভা নির্বাচনে প্রার্থী হননি।

যাদবপুর লোকসভা আসনে CPIM-এর রাজ্য কমিটির সদস্য ও SFI-এর প্রাক্তন রাজ্য সম্পাদক সৃজন ভট্টাচার্য, কলকাতা-দক্ষিণে ওই দলের'ই সায়রা শাহ হালিম, শ্রীরামপুরে দীপ্সিতা ধর, হাওড়ায় সব্যসাচী চট্টোপাধ্যায়, আসানসোলে জাহানারা খান, তমলুকে সায়ন বন্দোপাধ্যায় ও কৃষ্ণনগরে প্রার্থী হচ্ছেন SM সাদি। কোচবিহার সংরক্ষিত আসনে ফরোয়ার্ড ব্লকের নীতিশ চন্দ্র রায়, বালুরঘাটে RSPর জয়দেব সিদ্ধান্ত ও জলপাইগুড়ি সংরক্ষিত আসনে CPIM-এর দেবরাজ বর্মণ, বিষ্ণুপুর সংরক্ষিত আসনে ওই দলের শীতল কৈবর্ত্য, বাঁকুড়ায় নীলাঞ্জন দাশগুপ্ত, হুগলীতে মনোদীপ ঘোষ এবং বর্ধমান পূর্ব সংরক্ষিত আসনের জন্য নীরব খানের নাম ঘোষণা করা হয়েছে।

কংগ্রেসের সঙ্গে জোট করা নিয়ে সাংবাদিকদের প্রশ্নের উত্তরে বিমানবাবু বলেন, জোট নয়, আসন রফা বা বোঝাপড়ার কথা হয়েছিল।

(বাইট- বিমান)

অন্যদিকে, প্রদেশ কংগ্রেস সভাপতি অধীর রঞ্জন চৌধুরী বলেছেন, বামেদের সঙ্গে প্রার্থী তালিকা নিয়ে কোনো আলোচনা হয়নি। দু'চারদিনের মধ্যেই এব্যাপারে সিদ্ধান্ত নেওয়া হবে।

(বাইট- অধীর)

********************

SUCI( কমিউনিস্ট), আসন্ন লোকসভা নির্বাচনে এরাজ্যে ৪২ টি আসনেই তারা প্রার্থী দেওয়ার সিদ্ধান্ত নিয়েছে। দলের সাধারণ সম্পাদক প্রভাস ঘোষ কলকাতা প্রেস ক্লাবে আজ এক সাংবাদিক বৈঠকে প্রার্থী তালিকা প্রকাশ করেন।

সারা দেশে ১৯ টি রাজ্য ও ৩ টি কেন্দ্রশাসিত অঞ্চল মিলিয়ে ১৫১ টি আসনে তাঁরা প্রতিদ্বন্দ্বিতা করবেন বলেও প্রভাসবাবু জানান।
অবাধ ও সুষ্ঠু ভোটগ্রহণের পক্ষে জোরালো সওয়াল করে তিনি বলেন-

(বাইট- প্রভাস ঘোষ)

এদিকে, যাদবপুরের তৃণমূল কংগ্রেস প্রার্থী সায়নী ঘোষ আজ তাঁর কেন্দ্রে জন সংযোগ সারেন। সেখানকার মানুষজনের সঙ্গে কথা বলার পাশাপাশি মমতা ব্যানার্জির নেতৃত্বে রাজ্যের উন্নয়নের কথা তুলে ধরেন তিনি।

*********************

লোকসভা নির্বাচনে তৃণমূল কংগ্রেসের প্রার্থী হতে না পারায় অসন্তুষ্ট অর্জুন সিং আবার বিজেপি-তেই যাচ্ছেন। সব জল্পনার অবসান ঘটিয়ে ব্যারাকপুরের এই সাংসদ আজ সাংবাদিকদের জানান, আজ রাত সাড়ে ৮-টা নাগাদ তিনি দিল্লির উদ্দেশে রওনা দেবেন। আগামীকাল সেখানেই যোগ দেবেন ভারতীয় জনতা পার্টিতে।

*********************

২০২১-এর রাজ্য বিধানসভা নির্বাচনে বিজেপির স্বপ্নভঙ্গ হলেও, তারা তা' মেনে নিতে পারছে না বলে, মন্ত্রী শশী পাঁজা মন্তব্য করেছেন। কলকাতায় আজ এক সাংবাদিক বৈঠকে তিনি বলেন, বিজেপি সবসময়েই ধর্মীয় মেরুকরণ, বিভাজন ও জাতি-বর্ণ-ভাষা নিয়ে রাজনীতি করছে। যুক্তরাষ্ট্রীয় কাঠামো'ও মানছে না। কৃষক ও প্রান্তিক মানুষের সমস্যা না তাকিয়েই বিজেপি উন্নয়নের কথা বলছে বলে তাঁর দাবী।

*********************

ভোট কর্মীদের ব্যক্তিগত তথ্য যাতে আর কোনো ভাবেই বাইরে প্রকাশ না হয় সে ব্যাপারে রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের দপ্তর আশ্বাস দিয়েছে।
শিক্ষানুরাগী ঐক্য মঞ্চ-এর সাধারণ সম্পাদক কিংকর অধিকারী আজ সাংবাদিকদের বলেন একথা বলেন।

সম্প্রতি বাঁকুড়ায় এই ধরনের একটি ঘটনার প্রেক্ষিতে তাঁরা আজ মুখ্য নির্বাচনী আধিকারিকের দপ্তরের সামনে বিক্ষোভ কর্মসূচি গ্রহণ করেন। মুখ্য নির্বাচনী আধিকারিক আরিজ আফতাবের অসুস্থতার দরুণ অতিরিক্ত মুখ্য নির্বাচনী আধিকারিক বিজিত ধরের কাছে দাবি দাওয়া সম্বলিত স্মারক লিপি পেশ করা হয়। তিনি রাজ্য

পুলিশের সঙ্গে সমন্বয় রেখে কেন্দ্রীয় বাহিনীর যথাযথ দায়িত্ব পালন সহ বিভিন্ন দাবী পূরণের প্রতিশ্রুতি দিয়েছেন বলে কিঙ্করবাবু উল্লেখ করেন।

********************

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু, জ্ঞানেশ কুমার ও ডঃ সুখবীর সিং সান্ধুকে নতুন নির্বাচন কমিশনার হিসেবে নিয়োগ করেছেন। এর ফলে মুখ্য নির্বাচন কমিশনার রাজীব কুমার ছাড়াও আরো দু'জন নির্বাচন কমিশনার হিসেবে তাঁদের দায়িত্ব পালন করবেন।

********************

রাজ্যপাল সিভি আনন্দ বোস, সেরা ডাকঘর ও সেরা ডাককর্মীদের জন্য বিশেষ পুরস্কার চালু করার কথা ঘোষণা করেছেন। কলকাতা জিপিও-র আড়াইশো বছর পূর্তি উপলক্ষে আজ সেখানে এক অনুষ্ঠানে রাজ্যপাল বলেন, ডাক বিভাগের প্রাক্তন কর্মী তাঁর মা-এর স্মৃতিতে পদ্মা নামে এই বিশেষ পুরস্কার দেওয়া হবে।

পুরস্কার বাবদ পশ্চিমবঙ্গ অঞ্চলের সেরা ডাকঘরকে এক লক্ষ টাকা ও মানপত্র এবং ১০জন সেরা ডাক কর্মীকে ১০লক্ষ টাকা করে দেওয়ার কথা ঘোষণা করেন তিনি।

(বাইট-রাজ্যপাল)

********************

রাজ্যের প্রাক্তন মন্ত্রী এবং কলকাতার মেয়র প্রয়াত সুব্রত মুখোপাধ্যায়ের স্মৃতিতে আজ কলকাতা পুরসভার ৬৮ নম্বর ওয়ার্ডের একডালিয়া পার্কে তাঁর আবক্ষমূর্তির উন্মোচন করলেন মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি। প্রয়াত মন্ত্রীর জন্মদিনে এই উপলক্ষ্যে আয়োজিত এক অনুষ্ঠানে তাঁর স্মৃতিচারণ করতে গিয়ে মুখ্যমন্ত্রী কিছুটা আবেগ প্রবণ হয়ে পড়েন। তিনি বলেন, সুব্রত মুখোপাধ্যায়ের হাত ধরেই তাঁর রাজনীতিতে পদার্পণ ঘটেছিল। তার পর দীর্ঘ রাজনৈতিক জীবনে তাঁরা যৌথভাবে নানা উত্থান পতনের স্বাক্ষী থেকেছেন।

********************

রাজ্য সরকার বাংলা শস্য বিমা যোজনার আওতায় পাট চাষিদের বিমার প্রিমিয়াম মুকুব করার কথা ঘোষণা করেছে।

রাজ্যজুড়ে আজ কৃষক দিবস পালন করা হচ্ছে। এই উপলক্ষেই ২০ লক্ষ পাট চাষির সুবিধার জন্য কৃষি দফতরের পক্ষ থেকে জানানো হয়েছে এই বিমার জন্য তাদের কোনও টাকা খরচ করতে হবে না। রাজ্য সরকারই প্রিমিয়ামের খরচ বহন করবে।

শস্য বীমা যোজনায় পাটচাষিদের নাম নথিভুক্ত করতে রাজ্য সরকার প্রতিটি গ্রাম পঞ্চায়েতে বিশেষ শিবিরেরও আয়োজন করতে চলেছে। পয়লা এপ্রিল থেকে ৩১-শে মে দু'মাস লাগাতার এই শিবিরেরে আয়োজন করা হবে বলে কৃষি দফতর সূত্রে জানা গেছে।

********************

সংশোধিত বাজেট বরাদ্দের অব্যবহৃত টাকা দ্রুত খরচ করতে রাজ্যের পূর্তদফতর জেলা গুলিকে কঠোর নির্দেশ দিয়েছে। বিশেষ করে কেন্দ্রের বিশেষ সহায়তা তহবিল, কেন্দ্রীয় সড়ক পরিকাঠামো তহবিল এবং আরআইডিএফ খাতের টাকা যুদ্ধকালীন তৎপরতায় খরচ করতে বলা হয়েছে। দফতর সূত্রে জানা গেছে চলতি অর্থবর্ষের শেষ লগ্নেও পূর্ত দফতরের প্রায় ৬ হাজার কোটি টাকার সংশোধিত বাজেট বরাদ্দের মধ্যে ১৮০০ কোটি টাকার মতো তহবিল অব্যবহৃত রয়েছে। তাই অর্থবর্ষের বাকি দিনগুলিতে বিভিন্ন কেন্দ্রীয় তহবিলের অর্থে চলা প্রতিটি প্রকল্পে দৈনিক অন্তত পাঁচ কোটি টাকা খরচ করার নির্দেশ দেওয়া হয়েছে।

এক বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, চলতি অর্থবর্ষে কেন্দ্রীয় তহবিলের টাকা খরচ না-হলে, পরবর্তী অর্থবর্ষে এই খাতের পুরো প্রাপ্য রাজ্য পাবে না। ৩১ মার্চের পরও যত টাকা পড়ে থাকবে, আগামী অর্থ বছরে কেন্দ্র তার সমতুল অর্থ কম বরাদ্দ করবে। সেকথা মাথায় রেখেই যুদ্ধকালীত তৎপরতায় বরাদ্দ খরচের নির্দেশ দেওয়া হয়েছে।

*********************************************************************